

রিমেক

যদি রিমেকের সুরে গাই চেনা গান,
যদি স্বর উঠে আসে নাভিমূল থেকে
যদি গানে ভিজে যায় মর বাতাস,
আবেগে জড়িয়ে ধরে আমাকে --- তোমাকে।

চিলেকোঠা ঘরে বাজে হারমোনিয়াম
খুলে দিই বন্ধ রাখা দরজা জনালা,
সঙ্গীত আকাশ হোক বাগানে ফুলের
উদাসী বাউল চোখে বুক খোলামেলা।

গাইবো প্রথম গান ভাতকাপড়ের
দ্বিতীয় গানের কথা একফালি ছাদ
গাইবো তৃতীয় গানে প্রথম যে প্রেম,
হোক না তোমাকে ঘিরে জীবনের কাছে।

যদি চেনা গান গাই রিমেকের সুরে
যদি স্বর কেঁপে ওঠে অচেনা বাতাসে,
শূন্য থেকে হারাবার আর সংখ্যা নেই
উপেক্ষার হাত ধরি জীবনের কাছে।

প্রদীপচন্দ্র বসু

